দৈনিক সংবাদ

তারিখ ... 27 JUN 1991

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

30

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় উপাচার্য বাসভবনে ফিরে গেছেন

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৬শে জুন।–গত শনিবার শিবিরের সশস্ত্র দখলের ২৩তম দিবসে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে পুলিশ হল ও ক্যাম্পাস থেকে শিবির ও তাদের সশস্ত্র বাহিনী 'সিরাজুস সালেহীন' বাহিনীর সদস্যদের বিতাড়িত করে।

শিবিরের সশস্ত্র দখল অবসানের পর গত শনিবার উপাচার্য তাঁর ক্যাম্পাসস্থ বাসভবনে ফিরে যান। তবে

চট্টগ্রাম : পৃঃ ৮ কঃ ৮

## চট্টগ্রাম : উপাচার্য বাসভবনে ফিরে গেছেন

(১ম পাতার পর)

বিচ্ছিন্ন করে দেয়া পানি, বিদ্যুৎ ও টেলিফোন সংযোগ এখনো দেয়া হয়নি। ক্যাম্পাস ও হল গেটসমূহে এখনো পুলিশ মোতায়েন রয়েছে। প্রায় এক মাস পর আগামী শনিবার থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক অফিসগুলো চালু হতে যাচ্ছে।

### সাধারণ শিক্ষক পরিষদ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষকগণ সরকারী নির্দেশে হলগুলো খালি করার ঘটনায় আশাবাদ ব্যক্ত করে বলেছেন যে, আগামী ১৫ই জুলাই বিশ্ববিদ্যালয় খোলার পর বিশ্ব-বিদ্যালয়কে সন্ত্রাসী গোষ্ঠীর দখলদারী থেকে সত্যিকারভাবে মুক্ত করার লক্ষ্যে সরকার ও প্রশাসন কার্যকর ব্যবস্থা গ্রহণে আন্তরিকভাবে এগিয়ে আসবেন। শিক্ষকদের পক্ষে ডঃ মনজুর মোরশেদ মাহমুদ সইকৃত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, এই পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসী দখলদারিত্বের অবসানকল্পে আগামী শনিবার শিক্ষকদের আহূত রাজনৈতিক ও সাংবাদিক প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভা আপাতত স্থগিত ঘোষণা করা হয়েছে। তবে ঐদিন শহরস্থ বিশ্ববিদ্যালয় ক্লাবে সাধারণ শিক্ষকদের সভা অনুষ্ঠিত হবে।